রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, আগস্ট ১৪, ২০২২**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ডিসেম্বর, ২০২১

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন-২০১৪ (২০১৪ সনের ১২নং আইন) এর ৪০নং ধারার (১)নং উপ-ধারা এবং উপ-ধারা (২) (থ) এ প্রদত্ত ক্ষমতাবলে কর্পোরেশনের পরিচালনা বোর্ড কর্তৃক প্রণীত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মচারী) গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ এর প্রবিধান-১০ এর প্রদত্ত ক্ষমতাবলে কর্পোরেশনের পরিচালনা বোর্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মচারী) গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

‘প্রবিধান-৮(৭)’ এর পরিবর্তে নিম্নরূপভাবে ‘প্রবিধান-৮(৭)’ প্রতিস্থাপিত হইবে, যথা—

| | |
|---|---|
| কোন কর্মচারী চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/ অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে তাঁহার পারিবারিক অবস্থা পর্যালোচনা করিয়া বিশেষ বিবেচনায় গৃহ নির্মাণ অগ্রিমের অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের প্রস্তাব কর্পোরেশনের পরিচালনা বোর্ড বিবেচনা করিতে পারিবে। | অবসর গ্রহণকারী কর্মচারীর গৃহ নির্মাণ অগ্রিমের অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ নিয়মাবলী পরিপালনীয়ঃ<br><br>১। <u>অপরিশোধিত আসল ও সুদ মওকুফের আওতা:</u><br><br>ক) চাকুরিরত/পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারী।<br><br>খ) অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারী। |



**মূল্য :** টাকা ৮.০০

| | |
|---|---|
| | ২। অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয়ে নিম্নরূপভাবে গঠিত কমিটি প্রয়োজনীয় সুপারিশ প্রদান করিবে:<br>(০১) মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস্ এন্ড ফাইন্যান্স সদস্য<br>(০২) মহাব্যবস্থাপক, অ্যাডমিন সদস্য<br>(০৩) মহাব্যবস্থাপক, অপারেশনস্ সদস্য<br>(০৪) উপ-মহাব্যবস্থাপক, ইস্টাবলিশমেন্ট ডিভিশন সদস্য<br>(০৫) সহকারী মহাব্যবস্থাপক, প্র.এন্ড ক.সা.ডি সদস্য-সচিব<br>উল্লেখ্য যে, কমিটির জ্যেষ্ঠতম সদস্য (মহাব্যবস্থাপক) সভার সভাপতির দায়িত্ব পালন করিবেন। এই কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবে।<br>৩। <u>অপরিশোধিত ঋণের আসল ও সুদ মওকুফ প্রক্রিয়া:</u><br>(৩.১) অগ্রিম/ঋণ গ্রহণকারী মৃত কর্মচারীর উত্তরাধিকারী অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারী কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর আবেদন (প্রাসঙ্গিক সকল কাগজপত্রসহ) করিবেন।<br>(৩.২) আবেদনের প্রেক্ষিতে প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট/সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করিবে:<br>ক) চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর গৃহ নির্মাণ ঋণের দায়ের বিবরণ, প্রাপ্য সুবিধাদি, বন্ধকীকৃত সম্পত্তির তথ্যাদি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করিবে।<br>খ) চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর পারিবারিক দুর্দশাগ্রস্ততার বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্ত সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রত্যয়নপত্র/প্রতিবেদন তৈরী করিবে।<br>গ) চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর অপরিশোধিত ঋণের আসল ও সুদ মওকুফ সংক্রান্তে পূর্ণাঙ্গ প্রস্তাব তৈরী করিবে এবং গঠিত পর্যালোচনা কমিটির সভায় উপস্থাপন করিবে। |

| | |
|---|---|
| | ৪। কমিটি নিম্নরূপ বিষয়াদি বিবেচনাপূর্বক এ সংক্রান্ত সুপারিশ প্রদান করিবে:<br>(৪.১) অগ্রিম/ঋণ গ্রহীতা আইসিবি'তে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে গৃহিত ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হইবে। এক্ষেত্রে অবসরোত্তর ছুটিকালও (পিআরএল) চাকুরিকাল হিসেবে গণ্য হইবে;<br>(৪.২) সংশ্লিষ্ট কর্মচারীর প্রাপ্য আনুতোষিক মৃত্যুর পূর্বে নিষ্পত্তি হইয়া থাকিলে তাহার ক্ষেত্রে মওকুফের প্রস্তাব বিবেচনাযোগ্য হইবে না;<br>(৪.৩) চাকুরিরত অবস্থায় কোন কর্মচারী দায়দেনাগ্রস্থ নিঃস্ব পরিবার পরিজন রাখিয়া মৃত্যুবরণ করিলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে তাহার ক্ষেত্রে প্রাপ্য সুবিধাদি বিবেচনাক্রমে আসল ও সুদ মওকুফযোগ্য হইবে;<br>(৪.৪) প্রাপ্য আনুতোষিক মোট ১২.০০ (বার) লক্ষ টাকা বা তদূর্ধ্ব হইলে উপ-অনুচ্ছেদ নং-(৪.৩) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত আসল মওকুফ বিবেচনায় আনা হইবে না;<br>(৪.৫) অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্যের অর্ধেক বা বেশী হইলে ( শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) মৃত/অক্ষম ব্যক্তির পরিবারের সদস্য সংখ্যা, ছেলে-মেয়েদের বয়স, লেখাপড়া ও আর্থিক অবস্থা ইত্যাদি বিবেচনাপূর্বক কমিটি আসল মওকুফের সুপারিশ করিবে; এবং<br>(৪.৬) দুস্থ/অসহায় পরিবার পরিজন রাখিয়া চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/ অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর ক্ষেত্রে অপরিশোধিত সুদের সম্পূর্ণ অংশ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হইবে।<br>৫। কমিটি পরিবারটির সার্বিক অবস্থা পর্যালোচনান্তে নীতিমালার আলোকে সুপারিশ প্রদান করিবে। উক্ত সুপারিশ সম্বলিত প্রস্তাবটি সদয় বিবেচনান্তে অনাদায়ী ঋণ/অগ্রিম এর অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয়টি কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পরিচালনা বোর্ড সভায় উপস্থাপন করা হইবে। |

| | |
|---|---|
| | ৬। পরিচালনা বোর্ড প্রতিটি প্রস্তাবের গুনাগুণ (মেরিট) বিবেচনাপূর্বক অনাদায়ী ঋণ/অগ্রিম এর অপরিশোধিত আসল ও সুদ সর্বোচ্চ শতভাগ পর্যন্ত মওকুফের অনুমোদন করিতে পারিবে। <br><br> ৭। চাকুরিরত অথবা পিআরএল ভোগরত অবস্থায় কোন কর্মচারী মৃত্যুবরণ করিলে, মৃত্যুবরণের তারিখ হইতে তাহার গৃহ নির্মাণ ঋণ হিসাবে কোন সুদ আরোপিত হইবে না। <br><br> ৮। <u>অপরিশোধিত আসল ও সুদ মওকুফ কার্যকরকরণ:</u> <br><br> (৮.১) এ সুবিধা ০১.০৭.২০২১ তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য করা হইবে। তবে যে সকল কর্মচারী চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিয়াছেন এবং যাদের হিসাব এখনও অনিষ্পন্নকৃত অবস্থায় রহিয়াছে, সে সকল কর্মচারীর আবেদন এই সুবিধার আওতায় বোর্ডে উপস্থাপন করা যাইবে। <br><br> (৮.২) পূর্বের নীতিমালা/ইশতেহারের আওতায় বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে অথবা অদ্যাবধি বাস্তবায়িত হয় নাই বা আংশিক বাস্তবায়িত হইয়াছে এমন অনুমোদিত বিষয়সমূহ পূর্বের নীতিমালার আওতায় বাস্তবায়িত হইবে। <br><br> ৯। নিম্নোক্ত ক্ষেত্রে অপরিশোধিত আসল ও সুদ মওকুফ সুবিধা প্রযোজ্য হইবে না: <br><br> (৯.১) কোন কর্মচারী চাকুরিচ্যুত/অপসারিত হইলে অথবা স্বেচ্ছায় চাকুরি ছাড়িয়া দিলে/পদত্যাগ করিলে তাহাদের ক্ষেত্রে মওকুফ সুবিধা প্রযোজ্য হইবে না। <br><br> (৯.২) ইতঃপূর্বে নিষ্পত্তিকৃত সুদ মওকুফের প্রস্তাবসমূহ এই নীতিমালার আওতায় পুনঃবিবেচনাযোগ্য হইবে না। <br><br> (৯.৩) অগ্রিমের অর্থে ক্রয়কৃত সম্পত্তি কর্পোরেশনের অনুকূলে রেজিস্টার্ড বন্ধক সৃষ্টি না করিলে (বিশেষ কারণ ব্যতিত) তাহাদের ক্ষেত্রে এই সুবিধা বিবেচনাযোগ্য হইবে না। |

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে

**মোঃ আবুল হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd